দৈনিক সংবাদ

৭৭

তারিখ 07 JAN 1998
পৃষ্ঠা ৪ কলাম ৫

# নকলমুক্ত পরীক্ষার প্রতিশ্রুতি

( নিজস্ব বার্তা পরিবেশক )

চট্টগ্রাম ঃ ইউনিয়ন পরিষদ নির্বাচন সুষ্ঠু, অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার পর চট্টগ্রামের প্রশাসন সিদ্ধান্ত নিয়েছে আগামী এসএসসি এবং এইচএসসি পরীক্ষা হবে সম্পূর্ণ নকলমুক্ত। নগরীর প্রত্যেকটি কলেজ ও স্কুলের অধ্যক্ষ এবং প্রধান শিক্ষকদের ডেকে গতকাল মঙ্গলবার জানিয়ে দেয়া হয়েছে এ সিদ্ধান্তের কথা। বলা হয়েছে, পরীক্ষার্থীদের গিয়ে জানিয়ে দিন বইমনস্ক হতে।

গতকাল চট্টগ্রাম সার্কিট হাউসে সিটি মেয়র এবিএম মহিউদ্দিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এই সিদ্ধান্তের কথা জানানো হয়। এতে চট্টগ্রাম শিক্ষা বোর্ডের চেয়ারম্যান, পুলিশ কমিশনার, জেলা প্রশাসক, জেলা পুলিশ সুপার, কলেজের অধ্যক্ষ ও স্কুলের প্রধান শিক্ষকবৃন্দ এবং সাংবাদিকরা উপস্থিত ছিলেন। জেলা প্রশাসন এই উদ্বুদ্ধকরণ সভার আয়োজন করে। সভায় মেয়র তার বক্তব্যে বলেন, যেকোন আন্দোলনের পথিকৃৎ হচ্ছে চট্টগ্রাম। পরীক্ষায় নকল প্রতিরোধের আন্দোলনের সূচনাও এই চট্টগ্রাম থেকে শুরু হল।